রাজশাহী সিটি কর্পোরেশন

রাজশাহী

সাধারণ প্রশাসনিক শাখা

erajshahi.portal.gov.bd

# আগামী ২৪ মার্চ ২০২৫ তারিখ রোজ সোমবার বেলা ৩:০০ ঘটিকায় (সিটি হল এ্যানেক্স ভবন) অনুষ্ঠিত গঠিত কমিটির ৫ম সভার কার্যপত্রঃ

(১) গত ০২ মার্চ ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৪র্থ সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়ীকরণ।

ক) গত ২৮-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত এবং অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির ০৩ নং পৃষ্ঠায় বিবিধ ০৯ নং আলোচ্যসূচির বিপরীতে 'খ' নং সুপারিশে ভাড়া নির্ধারণের ক্ষেত্রে "পাঁকা আবাসিক" এর স্থলে "আধা পাঁকা বাণিজ্যিক" শব্দটি প্রতিস্থাপনপূর্বক গত ০১ ডিসেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠিত গঠিত কমিটির ৩য় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পাঠান্তে দৃঢ়ীকরণ প্রস্তাব অনুমোদন।

খ) গত ১৪-১১-২০২৪ তারিখে অনুষ্ঠিত শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটির সভার গৃহীত ০৩ (তিন) টি গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

গ) রাজশাহী সিটিকর্পোরেশনের প্রকৌশল বিভাগসহ অন্যান্য বিভাগের দাপ্তরিক ব্যবহারের জন্য ২৫.০০ (পঁচিশ) লক্ষ টাকা ব্যয়সীমার মধ্যে পিপিআর-২০০৮ অনুসরণে প্রকৌশলী বিভাগের বিদ্যুৎ শাখার মাধ্যমে উল্লিখিত কম্পিউটার ও কম্পিউটার সামগ্রী দ্রুত ক্রয়ের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ঘ) পিপিআর-২০০৮ অনুসরণে OTM- এমহানগরীর গুরুত্বপূর্ণ প্রধান সড়কের ফুটপাত/ড্রেনের ১২০০টি ঢাকনা/স্ল্যাব স্থাপনে আপাতত ৭৮.০০ (আঠাত্তর) লক্ষ টাকা ব্যয় সীমার মধ্যে জনস্বার্থে দ্রুত স্থাপনের জন্য দরপত্র আহবানের বিষয়ে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ঙ) অগ্রাধিকার ভিত্তিতে মেয়র/ প্রশাসক অফিস, স্ট্যাফ, কন্ফারেন্সরুম, দর্শনার্থী ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী কক্ষ ব্যবহার উপযোগী করতে আসবাবপত্র ক্রয়ের জন্য ৫২,৪০,৮৮২.৪৮ (বায়ান্ন লক্ষ চল্লিশ হাজার আটশত বিরাশি টাকা আটচল্লিশ পয়সা) টাকা এবং শুধুমাত্র মাননীয় মেয়র/প্রশাসক অফিস'র রেস্ট হাউস ও অন্যান্য সংস্কার কাজের অবশিষ্ট সিভিল ওয়ার্ক সম্পাদনের লক্ষে সম্ভাব্য ৩৫,০০,০০০.০০ (পয়ত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে উন্মুক্ত পদ্ধতিতে দরপত্র আহবানের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

চ) সাধারণ/সংরক্ষিত কাউন্সিলর কক্ষগুলি যেহেতু এখনই ব্যবহার হচ্ছেনা, সেহেতু সেগুলিসহ সরিৎ দত্ত গুপ্ত নগর সভাকক্ষ, এনেক্স হলরুম, অন্যান্য কর্মকর্তাগণের কক্ষ সংস্কার ও আসবাবপত্র ক্রয়ের জন্য সিভিল, আসবাবপত্র ও বৈদ্যুতিক কাজের পৃথক পৃথক প্যাকেজে অন্তর্ভূক্ত করেপূর্ণাঙ্গ প্রাক্কলন প্রস্তুত ও উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে পিপিআর-২০০৮ অনুসরণে দরপত্র আহবানের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ছ) নিবন্ধিত গর্ভবতী মায়েদের সংখ্যার সঙ্গে ওয়ার্ড ভিত্তিক জন্ম নিবন্ধনের মিল পাওয়া না গেলে দায়িত্বপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বিরুদ্ধে চাকরি বিধিমতে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

জ) গ্রীণ প্লাজা চত্বরটি সৌন্দর্য্য রক্ষায় ভবিষ্যতে ব্যবহারের অনুমতি না দেয়ার বিষয়ে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ঝ) পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে বস্ত্র মেলা করার অনুমতি দেয়াসহ প্রতিদিনের ব্যবহার অনুমতি বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকার স্থলে ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা ভাড়া নির্ধারণের বিষয়ে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুদেন।

ঞ) কর্মচারীদের অবসরোত্তর পাওনাদি পরিশোধের সুবিধার্থে এফডিআরকরণের প্রস্তাবসহ অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রাপ্য বকেয়া পরিশোধের বিষয়ে সর্বসম্মত গৃহীত প্রস্তাব অনুমোদন।

ট) রাজশাহী সিটি কর্পোরেশনের চলমান উন্নয়ন প্রকল্প সমূহ দ্রুত বাস্তবায়নের সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ঠ) রাজশাহী সিটি কর্পোরেশনের বিভিন্ন হাট-বাজার, গনশৌচাগার,পার্কিং স্ট্যান্ড, ভাগাড়ের সার ও পুকুর ডোবা ইজারা প্রদানের নিমিত্ত প্রাপ্ত দরপত্রের প্রেক্ষিতে সর্বোচ্চ দরগুলো গ্রহণের বিষয়ে ২৭-০২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র মূল্যায়ন কমিটির সভার সুপারিশ সমূহ এবং আমীরপুর ও বিষপুর ফেরীঘাট দুইটি ইজারা প্রদানের নিমিত্ত সর্বোচ্চ দরগুলি গ্রহণের বিষয়ে ২৭-০২-২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ফেরীঘাট ইজারা প্রদান কমিটির সভার সুপারিশ সমূহ অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় এবং সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিভিন্ন হাট-বাজার, গণশৌচাগার, ফেরীঘাট, পুকুর ডোবা (তিন বছরের মেয়াদে), পার্কিং স্ট্যান্ড ও ভাগাড়ের সার ১৪৩২ বঙ্গাব্দের মেয়াদে ইজারা প্রদানের জন্য গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ড) সর্বোচ্চ দর বহাল রেখে অভিযোগগুলি নথিজাত করার বিষয়ে সর্বসম্মত গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ঢ) হাট-বাজার ইজারার নীতিমালা অনুযায়ী হাট-বাজার রক্ষণাবেক্ষণের অর্থ হতে নিরাপত্তার স্বার্থে ঝুকিপূর্ণ হাটবাজারে সিসিটিভি ক্যামেরা স্থাপন বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ণ) রাজশাহী সিটি কর্পোরেশনের তত্ত্বাবধানে প্রতিবছরের ন্যায় এবারও কেন্দ্রীয় ঈদগাহ সহ টিকাপাড়া ও সাহেব বাজার বড় রাস্তায় ঈদের জামাত অনুষ্ঠিত এবং কেন্দ্রীয় ঈদগাহে ১২,৬৮,৮৫১.০০ (বারো লক্ষ আটষট্টি হাজার আটশত একান্ন) টাকা, টিকাপাড়া ঈদগাহে ২,৯০,০০০.০০ (দুই লক্ষ নব্বই হাজার) টাকা ও সাহেব বাজার বড় রাস্তায় ৩৩,০০০.০০ (তেত্রিশ হাজার) টাকা ব্যয়ের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

ত) রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন শহীদ জিয়া শিশু পার্কটির উত্তর প্রান্তে পার্ক সম্প্রসারণের জন্য ভূমি অধিগ্রহণের পরিকল্পনা নাই মর্মে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষকে জানানোর বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

থ) গত ০২-১২-২০২৪ তারিখে অনুষ্ঠিত যোগাযোগ স্থায়ী কমিটির সভার গৃহীত ০৩ (তিন) টি সুপারিশ অনুমোদনের গৃহীত সিদ্ধান্ত অনুমোদন।

২। শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পারিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা স্থায়ী কমিটি গত ২৩-০১-২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। {(১) হিউম্যান প্যাপিলোমা ভাইরাস (এচইপিভি) টিকাদান ক্যাম্পেইন ২০২৪ ৯৭% ফলাফল অর্জিত হয়েছে। (২) সিটি হাসপাতালে ০১টি "মাইক্রোস্কোপ মেশিন" ও ০১টি "ল্যাবরেটেটর মেশিন" ক্রয়ের সুপারিশ (৩) ২৩টি ইপিআ্ই সুপারভাইজার পদ বাজেট অন্তর্ভুক্তিকরণ ও পদায়নের সুপারিশ}।

৩। পরিচ্ছন্ন বিভাগে ঈদ-উল-ফিতর উপলক্ষে পরিচ্ছন্ন কর্মীদের আর্থিক সাহায্য প্রদান প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৪। রাজশাহী কেন্দ্রীয় বোটানিক্যাল গার্ডেন এর ১,২,৩ ও ৪ নং গেটের পার্টিশন গ্লাস, জানালা ও সুইং দরজার গ্লাস রিপায়ারিং ও নতুন গ্লাস স্থাপনে ৭,৩৪,৪৫৫.৯৪ (সাত লক্ষ চৌত্রিশ হাজার চারশত পঞ্চান্ন টাকা চুরানব্বই পয়সা) টাকা ব্যয় প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৫। তারুন্যের উৎসব উদযাপন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৬। বিবিধ।